বিভাগ গ

সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

প্রতিটি প্রশ্নের মান - 2

1 **'কারণ ও কার্যের মধ্যে অনিবার্য প্রসক্তি সম্বন্ধ আছে'—এই উক্তি কে করেছেন? প্রসক্তিবাদের সমর্থক কারা?**

উত্তর ▶ বুদ্ধিবাদী দার্শনিক ইউয়িং বলেছেন 'কারণ ও কার্যের মধ্যে অনিবার্য প্রসক্তি সম্বন্ধ আছে'।

▶ সি ডি ব্রড, ইউয়িং, ব্লানসার্ড ও বুদ্ধিবাদী দার্শনিকগণ প্রসক্তিবাদের সমর্থক।

2 **কার্যকারণের সম্বন্ধ বিষয়ে কান্ট কী বলেছেন?**

উত্তর ▶ কান্ট বলেছেন কার্যকারণের সম্বন্ধ অভিজ্ঞতাপূর্ব বৌদ্ধিক আকার, তাই অনিবার্য ও সার্বিক।

3 **বৈধ কার্যকারণ সম্বন্ধ বিষয়ে হসপার্স কী বলেছেন?**

উত্তর ▶ হসপার্স বলেছেন, বৈধ অবরোহ অনুমানের সিদ্ধান্তের যৌক্তিক অনিবার্যতাকে কার্যকারণ বাক্যের স্বতন্ত্র নিজস্ব অনিবার্যতা বলে ভুল করি।

4 **'মানসিক কার্যকারণ সম্বন্ধকে বস্তুগত কার্যকারণ সম্বন্ধ বলে ভুল করি, মানসিক প্রত্যাশাকে অনিবার্যতা বলে ভুল করি'—এই কথা কে বলেছেন?**

উত্তর ▶ হিউম বলেছেন 'মানসিক কার্যকারণ সম্বন্ধকে বস্তুগত কার্যকারণ সম্বন্ধ বলে ভুল করি, মানসিক প্রত্যাশাকে অনিবার্যতা বলে ভুল করি'।

5 **প্রসক্তিবাদ কাকে বলে?**

উত্তর ▶ যে মতবাদ অনুসারে কারণ ও কার্যের মধ্যে সার্বিক, আবশ্যিক, অনিবার্য, প্রসক্তি সম্বন্ধ, পূর্বতসিদ্ধ ও এমন এক অভ্যন্তরীণ সম্পর্ক বর্তমান যা মন-নিরপেক্ষভাবে বস্তুজগতের ও মনোজগতের সর্বত্র বিদ্যমান সেই মতবাদকে বলা হয় প্রসক্তিবাদ।

6 **কার্যকারণ সম্বন্ধকে প্রসক্তি সম্বন্ধ বলার কারণ কী?**

উত্তর ▶ অবরোহ অনুমানে হেতু বাক্য থেকে সিদ্ধান্ত যেমন অনিবার্যভাবে নিঃসৃত হয় তেমনই কারণ থেকে কার্যটি অনিবার্যভাবে নিঃসৃত হয়। তাই কার্যকারণ সম্বন্ধকে প্রসক্তি সম্বন্ধ বলা হয়।

7 **যৌক্তিক প্রসক্তি সম্বন্ধ ও কার্যকারণের প্রসক্তি সম্বন্ধের মধ্যে পার্থক্য কী?**

উত্তর ▶ যৌক্তিক প্রসক্তি সম্বন্ধ অকালিক, এর বস্তুগত ভিত্তি নেই।

অপরপক্ষে, কার্যকারণের প্রসক্তি সম্বন্ধ কালিক সম্বন্ধ এবং এর বস্তুগত ভিত্তি আছে।

8 **প্রসক্তিবাদের সমর্থনে ইউয়িং-এর একটি যুক্তি দাও।**

উত্তর ▶ প্রসক্তিবাদের সমর্থনে ইউয়িং বলেন—আমরা কারণ থেকে কার্য অনুমান করি। যেমন মেঘ দেখে বৃষ্টির অনুমান করি। কিন্তু কার্যকারণের মধ্যে অনিবার্য সম্বন্ধ না থাকলে এই অনুমান সম্ভব হত না।

9 **হসপার্স প্রসক্তিবাদের কীরূপ সমালোচনা করেছেন?**

উত্তর ▶ অধ্যাপক হসপার্সের মতে বৈধ অবরোহ অনুমানের হেতু বাক্য থেকে নিঃসৃত সিদ্ধান্তের যৌক্তিক অনিবার্যতাকে কার্যকারণ বাক্যের স্বতন্ত্র নিজস্ব অনিবার্যতা বলে ভুল করি।

10 **সততসংযোগবাদ কাকে বলে?**

উত্তর ▶ যে মতবাদ অনুসারে কার্যকারণের মধ্যে অনিবার্য প্রসক্তি সম্বন্ধ নেই, আছে কেবল কালিক পূর্বাপর সম্বন্ধ সেই মতবাদকে বলা হয় সতত সংযোগবাদ।

11 **প্রসক্তিবাদ খণ্ডনে হিউমের যুক্তিটি কী?**

উত্তর ▶ হিউম বলেন কার্যকারণের মধ্যে অনিবার্য প্রসক্তি সম্বন্ধ অভিজ্ঞতার সাহায্যে ও অভিজ্ঞতাপূর্বভাবে জানা যায় না। তাই এদের মধ্যে অনিবার্য প্রসক্তি সম্বন্ধ নেই।

12 **হিউমের মতে কার্যকারণের সম্বন্ধের ধারণা কীভাবে সৃষ্টি হয়?**

উত্তর ▶ হিউমের মতে দুটি ঘটনাকে পূর্বাপর সততসংযোগ প্রত্যক্ষ করে মানসিক অনুষঙ্গ নিয়মের সাহায্যে কার্যকারণ সম্বন্ধের ধারণা গঠন করা হয়। ফলে একটিকে দেখলে অন্যটি প্রত্যাশা করি। এই মানসিক প্রত্যাশা থেকে কার্যকারণ সম্বন্ধের ধারণা সৃষ্টি হয়।

13 **হিউম কারণের বিষয়গত সংজ্ঞা কী দিয়েছেন?**

উত্তর ▶ কারণ হল একটি বস্তু (ঘটনা) যা অন্য একটি বস্তুর (ঘটনার) পূর্ববর্তী ও সন্নিহিত এবং যে ক্ষেত্রে প্রথম বস্তুর সদৃশ সকল বস্তু ও দ্বিতীয় বস্তুর সদৃশ সকল বস্তুগুলির মধ্যে পূর্ববর্তিতা ও সান্নিধ্যের সম্বন্ধ থাকে।

14 **হিউম কারণের বিষয়ীগত সংজ্ঞা কী দিয়েছেন?**

উত্তর ▶ কারণ হল একটি বস্তু (ঘটনা) যা অন্য একটি বস্তুর (ঘটনার) পূর্ববর্তী ও সন্নিহিত এবং তার সঙ্গে এমনভাবে যুক্ত যে সেক্ষেত্রে একটি বস্তুর ধারণা মনকে অন্য বস্তুটির ধারণা গঠন করতে বাধ্য করে এবং একটি মুদ্রণ মনকে অন্যটির অধিকতর সজীব ধারণা গঠন করতে বাধ্য করে।

15 **কার্যকারণ সম্পর্ক বিষয়ে সাধারণ মানুষের বক্তব্য কী?**

উত্তর ▶ [1] প্রত্যেক কার্যের কারণ আছে। [2] কারণ এক শক্তি-বিশেষ যা কার্যকে উৎপন্ন করে। [3] কারণ ও কার্যের মধ্যে অনিবার্য সম্বন্ধ আছে।

16 **কার্যকারণ সম্বন্ধ বিষয়ে লৌকিক মতবাদটি কী?**

উত্তর ▶ যে মতবাদ কার্যকারণ সম্পর্ক বিষয়ে সাধারণ মানুষের অভিমতকে ভিত্তি করে গড়ে উঠেছে সেই মতবাদকে বলা হয় কার্যকারণ সম্পর্ক বিষয়ে লৌকিক মতবাদ।

17 **কার্যকারণ সম্পর্ক বিষয়ে লৌকিক মতবাদের মূল বক্তব্য কী?**

উত্তর ▶ কার্যকারণ সম্পর্ক বিষয়ে লৌকিক মতবাদের মূল বক্তব্য হল—[1] প্রত্যেক কার্যের কারণ আছে। [2] কারণ এক শক্তি-বিশেষ যা কার্যকে উৎপন্ন করে। [3] কারণ ও কার্যের মধ্যে আবশ্যিক সম্পর্ক আছে। [4] কার্যকারণ সম্পর্কের জ্ঞান অভিজ্ঞতালব্ধ।

18 **কার্যকারণ সম্পর্ক বিষয়ে বৈজ্ঞানিকদের মূল বক্তব্য কী?**

উত্তর ▶ কার্যকারণ সম্পর্ক বিষয়ে বৈজ্ঞানিকদের মূল বক্তব্য হল—[1] কারণ এক শক্তি বিশেষ যা কার্যে অনিবার্যভাবে রূপান্তরিত হয়। [2] শক্তির নিত্যতা সূত্রের ওপর কার্যকারণ নিয়ম প্রতিষ্ঠিত।

19 **কার্যকারণ সম্পর্ক বিষয়ে অভিজ্ঞতাপূর্ব মতবাদটি কী?**

উত্তর ▶ যে মতবাদ অনুসারে কার্যকারণের মধ্যে সম্পর্কের জ্ঞান অভিজ্ঞতাপূর্বভাবে জানা যায়, অভিজ্ঞতার সাহায্যে জানা যায় না সেই মতবাদকে বলা হয় অভিজ্ঞতাপূর্ব মতবাদ।

20 **কার্যকারণ সম্পর্ক বিষয়ে অভিজ্ঞতালব্ধ মতবাদটি কী?**

উত্তর ▶ যে মতবাদ অনুসারে কার্যকারণের মধ্যে সম্পর্কের জ্ঞান অভিজ্ঞতার সাহায্যে লাভ করা যায় সেই মতবাদকে বলা হয় অভিজ্ঞতালব্ধ মতবাদ।

21 **প্রসক্তিবাদের মূল বক্তব্য কী?**

উত্তর ▶ প্রসক্তিবাদের মূল বক্তব্য হল—[1] কারণ ও কার্যের মধ্যে সম্বন্ধ হল সার্বিক, আবশ্যিক ও প্রসক্তি সম্বন্ধ। [2] কার্যটি উৎপন্ন হওয়ার পূর্বে কারণের মধ্যে নিহিত থাকে। [3] কারণ ও কার্য স্বরূপত ভিন্ন নয়, কেবল আকারগতভাবে ভিন্ন।

22 **প্রসক্তিবাদের সপক্ষে বিজ্ঞানীদের যুক্তিটি কী?**

উত্তর ▶ বিজ্ঞানীগণ বলেন কারণের অবশ্যম্ভাবী রূপান্তর হল কার্য। যেমন—বৈদ্যুতিক শক্তির (কারণ) অনিবার্য রূপান্তর হল তাপশক্তি/কার্য। তাই কার্যকারণের মধ্যে অনিবার্য প্রসক্তি সম্বন্ধ আছে।

23 **প্রসক্তিবাদের সপক্ষে কান্টের যুক্তিটি কী?**

উত্তর ▶ কান্টের মতে কার্যকারণের সম্পর্ক অভিজ্ঞতাপূর্ব বৌদ্ধিক আকার, যা অভিজ্ঞতাপূর্ব তা অনিবার্য ও সার্বিক হতে বাধ্য। তাই কার্যকারণের সম্পর্ক অনিবার্য।

24 **সতত সংযোগবাদের মূল বক্তব্য কী?**

উত্তর ▶ সতত সংযোগবাদের মূল বক্তব্য হল—[1] কারণ ও কার্যের মধ্যে অনিবার্য প্রসক্তি সম্বন্ধ নেই। [2] কারণ ও কার্যের মধ্যে সতত পূর্বাপর সম্বন্ধ আছে।

25 **প্রসক্তিবাদ ও সতত সংযোগবাদের মধ্যে পার্থক্য কী?**

উত্তর ▶ প্রসক্তিবাদ ও সতত সংযোগবাদের মধ্যে পার্থক্য হল—[1] প্রসক্তিবাদ অনুসারে কারণ ও কার্যের মধ্যে সঠিক, আবশ্যিক ও প্রসক্তি সম্পর্ক আছে। অপরপক্ষে সতত সংযোগবাদ অনুসারে কারণ ও কার্যের মধ্যে সঠিক, আবশ্যিক ও প্রসক্তি সম্পর্ক নেই, আছে কেবল সতত পূর্বাপর সম্পর্ক। [2] প্রসক্তিবাদ অনুসারে কারণ ও কার্যস্বরূপত ভিন্ন নয়, কেবল আকারগতভাবে ভিন্ন। অপরপক্ষে, সতত সংযোগবাদ অনুসারে কারণ ও কার্য সম্পূর্ণ ভিন্ন। এদের মধ্যে আকারগত ও বস্তুগত কোনো মিল নেই।

বিভাগ ঘ

অতিসংক্ষিপ্ত প্রশ্নোত্তর

প্রতিটি প্রশ্নের মান - 1

1 **'কার্য-কারণের মধ্যে অনিবার্য প্রসক্তি সম্বন্ধ আছে'—এই কথা কারা বলেছেন?**

উত্তর ▶ সি ডি ব্রড, ব্লানসার্ড, ইউয়িং প্রমুখ বুদ্ধিবাদী দার্শনিকরা বলেছেন কার্য ও কারণের মধ্যে অনিবার্য প্রসক্তি সম্বন্ধ আছে।

2 **'কারণ ও কার্যের মধ্যে অনিবার্য প্রসক্তি সম্বন্ধ নেই'—এই কথা কোন্ দার্শনিক বলেছেন?**

উত্তর ▶ ডেভিড হিউম বলেছেন কারণ ও কার্যের মধ্যে অনিবার্য প্রসক্তি সম্বন্ধ নেই।

3 **'কারণ ও কার্যের মধ্যে সম্বন্ধ অভিজ্ঞতাপূর্ব বৌদ্ধিক আকার'—এই কথা কে বলেছেন?**

উত্তর ▶ কান্ট বলেছেন কারণ ও কার্যের মধ্যে সম্বন্ধ হল অভিজ্ঞতাপূর্ব বৌদ্ধিক আকার।

4 **সতত সংযোগবাদের প্রতিষ্ঠাতা কে?**

উত্তর ▶ হিউম সতত সংযোগবাদের প্রতিষ্ঠাতা।

5 **'কারণ ও কার্যের সম্বন্ধ হল দুটি স্বতন্ত্র ঘটনার সততসংযোগ ও নিয়ত পারম্পর্যসম্বন্ধ'—এই কথা কে বলেছেন?**

উত্তর ▶ হিউম বলেছেন 'কারণ ও কার্যের সম্বন্ধ হল দুটি স্বতন্ত্র ঘটনার সততসংযোগ ও নিয়ত পারম্পর্যসম্বন্ধ'।

6 **'কারণ হল এমন এক শক্তি-বিশেষ যা কার্যকে উৎপন্ন করে'—এই কথা কে বলেছেন?**

উত্তর ▶ অভিজ্ঞতাবাদী দার্শনিক লক বলেছেন 'কারণ হল এমন এক শক্তি-বিশেষ যা কার্যকে উৎপন্ন করে'।

7 **'কারণ ও কার্যের মধ্যে অনিবার্য সম্পর্ক বস্তুজগতে ও মনোজগতে কোথাও নেই'—কে বলেছেন?**

উত্তর ▶ হিউম বলেছেন 'কারণ ও কার্যের মধ্যে অনিবার্য সম্পর্ক বস্তুজগতে ও মনোজগতে কোথাও নেই'।

8 **'কারণ ও কার্যের মধ্যে অনিবার্য সম্পর্ক বস্তুজগতে ও মনোজগতে সর্বত্র বিদ্যমান'—কারা বলেছেন?**

উত্তর ▶ বুদ্ধিবাদী দার্শনিকরা বলেছেন 'কারণ ও কার্যের মধ্যে অনিবার্য সম্পর্ক বস্তুজগতে ও মনোজগতে সর্বত্র বিদ্যমান'।

9 **'কার্যকারণ সম্বন্ধের ধারণা মানসিক অভ্যাসজাত'—কে বলেছেন?**

উত্তর ▶ হিউম বলেছেন 'কার্যকারণ সম্বন্ধের ধারণা মানসিক অভ্যাসজাত'।

10 **'কার্যকারণ সম্বন্ধের ধারণা সৃষ্টি হয় সান্নিধ্য অনুষঙ্গ নিয়মের সাহায্য'—কে বলেছেন?**

উত্তর ▶ হিউম বলেছেন 'কার্যকারণ সম্বন্ধের ধারণা সৃষ্টি হয় সান্নিধ্য অনুষঙ্গ নিয়মের সাহায্যে'।

11 **হিউম তাঁর কোন্ গ্রন্থে সততসংযোগবাদ প্রতিষ্ঠা করেছেন?**

উত্তর ▶ 'An Enquiry Concerning Human Understanding' গ্রন্থে হিউম সততসংযোগবাদ প্রতিষ্ঠা করেছেন।

12 **'মানসিক কার্যকারণ সম্বন্ধকে বস্তুগত কার্যকারণ সম্বন্ধ বলে ভুল করি, মানসিক প্রত্যাশাকে অনিবার্যতা বলে ভুল করি'—কে বলেছেন?**

উত্তর ▶ হসপার্স বলেছেন আমরা মানসিক কার্যকারণ সম্বন্ধকে বস্তুগত কার্যকারণ সম্বন্ধ বলে ভুল করি, মানসিক প্রত্যাশাকে অনিবার্যতা বলে ভুল করি।

13 **'কারণ ও কার্যের সম্বন্ধ কেবল কালিক পূর্বাপর সম্বন্ধ'—কে বলেছেন?**

উত্তর ▶ হিউম বলেছেন কারণ ও কার্যের সম্বন্ধ কেবল কালিক পূর্বাপর সম্বন্ধ।

14 **কারণ কাকে বলে?**

উত্তর ▶ যদি একটি ঘটনা শর্তান্তরহীনভাবে ও অপরিবর্তনীয়ভাবে পূর্ববর্তী কোনো ঘটনার অনুগমন করে তবে সেই পূর্ববর্তী ঘটনাকে বলা হয় কারণ।

15 **কার্য কাকে বলে?**

উত্তর ▶ কারণের দ্বারা যে ঘটনাটি উৎপন্ন হয় সেই ঘটনাকে বলা হয় কার্য।

16 **লৌকিক মতে কার্যকারণের মধ্যে সম্বন্ধ কীরূপ?**

উত্তর ▶ লৌকিক মতে কার্যকারণের মধ্যে উৎপাদক ও উৎপাদনের অনিবার্য সম্বন্ধ রয়েছে।

17 **প্রসক্তি সম্বন্ধ কাকে বলে?**

উত্তর ▶ অবরোহ অনুমানে হেতু বাক্য ও সিদ্ধান্তের মধ্যে অনিবার্য সম্বন্ধকে প্রসক্তি সম্বন্ধ বলা হয়।

18 **কার্যকারণ সম্পর্ক বিষয়ে কান্টের অভিমতটি কী?**

উত্তর ▶ কান্টের মতে কার্যকারণ সম্বন্ধ অভিজ্ঞতাপূর্ব বৌদ্ধিক আকার, তাই অনিবার্য ও সার্বিক।

19 **কার্যকারণ সম্পর্ক বিষয়ে বৈজ্ঞানিকদের মতটি কী?**

উত্তর ▶ বৈজ্ঞানিকদের মতে কারণ এক শক্তি-বিশেষ যা কার্যকে উৎপন্ন করে ও নিয়ন্ত্রণ করে।

বিভাগ ঙ

বহু বিকল্পভিত্তিক প্রশ্নাবলি বা MCQ